

আসন্ন ফাজিল পরীক্ষায় অনিয়ম হলে কঠোর ব্যবস্থা নেবে ইআবি

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

আসন্ন ফাজিল (পাস) পরীক্ষায় কোনো ধরনের অনিয়ম বরদাশত করা হবে না বলে জানিয়েছে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ। তারা বলছেন, নকলমুক্ত ও উপযুক্ত পরিবেশে এ পরীক্ষা গ্রহণ করা হবে। এতে যে কোনো অনিয়ম হলেই কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

আগামী ২৫ অক্টোবর থেকে অনুষ্ঠিতব্য ফাজিল (পাস) পরীক্ষা-২০২৪ সুষ্ঠু, নকলমুক্ত ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে 'পরীক্ষাকেন্দ্র পরিদর্শন ও করণীয় শীর্ষক' মতবিনিময় সভায় বক্তৃতা এসব কথা বলেন।

বুধবার (২২ অক্টোবর ২০২৫) সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের মিলনায়তনে পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তরের উদ্যোগে এই মতবিনিময় সভা আয়োজন করা হয়।

সভায় ইআবির ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. শামছুল আলম
বলেন, ফাজিল পরীক্ষা আমাদের উচ্চশিক্ষা ব্যবস্থার একটি
গুরুত্বপূর্ণ অধ্যায়। এটি শুধু শিক্ষার্থীদের জ্ঞান যাচাইয়ের মাধ্যমই
নয় বরং নৈতিকতা, সততা ও দায়িত্ববোধের প্রতিফলন।
পরীক্ষায় কোনো অনিয়ম, গাফিলতি বা শিথিলতার সুযোগ নেই
উল্লেখ করে তিনি বলেন, পরীক্ষা কার্যক্রম পরিচালনায়
প্রযুক্তিনির্ভর মনিটরিং, কেন্দ্র ব্যবস্থাপনা ও তদারকিতে আধুনিক
পদ্ধতি প্রয়োগ করা হচ্ছে।

এর মাধ্যমে প্রশ্নপত্র নিরাপত্তা, সময়নিষ্ঠতা ও পরীক্ষার সার্বিক
শৃঙ্খলা আরও জোরদার হবে।

তিনি আরো বলেন, পরীক্ষা কেন্দ্র পরিদর্শনে দায়িত্বপ্রাপ্ত
কর্মকর্তাগণ প্রত্যেকে যদি নিজের দায়িত্ব সততা ও নিষ্ঠার সঙ্গে
পালন করেন তাহলে বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি আরো উজ্জ্বল হবে।

সভায় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেল প্রফেসর ড. মোহাম্মদ
শহীদুল ইসলাম, প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আবু
জাফর খান, ট্রেজারার এ এস এম মামুনুর রহমান খলিলী ও
রেজিস্ট্রার মো. আইউব হোসেন উপস্থিত ছিলেন। সভায় কেন্দ্র
পরিদর্শনে দায়িত্বপ্রাপ্ত শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

মতবিনিময় সভা সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক
মোহাম্মদ আলী।

এ সময় উপস্থিতি শিক্ষক ও কর্মকর্তারা মাঠপর্যায়ে দায়িত্ব পালনে

সর্বোচ্চ সততা ও নিষ্ঠা বজায় রাখার অঙ্গীকার ব্যক্ত করেন।